বিমান ভাড়ার প্রতিবাদে বাংলাদেশ প্রবাসী অধিকার ফোরাম সেন্ট্রাল কমিটির বিবৃতি

চেম্বার ডেস্ক : বিমান ভাড়া অস্বাভাবিক বৃদ্ধির প্রতিবাদে ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছে বাংলাদেশ প্রবাসী অধিকার ফোরাম। ফোরামের আহ্বায়ক আব্দুল হালিম ও সদস্য সচিব আমিনুর রশিদ আনিস বৃহস্পতিবার (৬ ফেব্রুয়ারি) নেতৃবৃন্দ দাবি করেন , কিছু এয়ারলাইন্স গোপনে টিকিট মজুদ করে রেখে ভাড়া অস্বাভাবিকভাবে বাড়িয়ে দিচ্ছে। এতে সাধারণ যাত্রীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। এয়ারলাইন্সগুলো নির্দিষ্ট কিছু এজেন্সিকে বেশি সুযোগ দিয়ে অন্যদের বঞ্চিত করছে। এই সমস্যা সমাধানের জন্য সরকারকে দ্রুত ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন। এছাড়া বিমানের ফ্লাইট বৃদ্ধি করতে হবে , এয়ারলাইন্সগুলোকে টিকিট মজুদে বাধা দিতে হবে , সব এজেন্সিকে সমান সুযোগ দেয়াসহ বিমান ভাড়ার ওপর নিয়ন্ত্রণ আরোপ করতে হবে। একইসঙ্গে তারা একটি টাস্কফোর্স গঠনের দাবি জানান।